



নূর ইসলামিক অ্যাপ

প্রতিষ্ঠান: গ্যাক মিডিয়া বিডি লিমিটেড
প্রতিষ্ঠাতা: সাবিরুল হক
যাত্রা: ২০১৮
ইন্ডাস্ট্রি: আইটি
ওয়েবসাইট: www.noorsawab.com

আইডিয়া পোর্টফোলিও: ১৪

‘নূর’ ইসলামিক ফাউন্ডেশন দ্বারা অনুমোদিত বাংলাদেশের সর্ববৃহৎ ইসলামিক অ্যাপ। এই অ্যাপটি ইসলামের বিভিন্ন দিক নিয়ে গঠিত একটি প্ল্যাটফর্ম, যেখানে কুরআন, হাদিস, নামাজের সময়সূচি, কিবলা কম্পাস, সেহরি-ইফতার সময়সূচি, এবং ইসলামিক ভিডিও সহ নানা বিষয়বস্তু পাওয়া যায়। এছাড়া, এর মধ্যে আরো রয়েছে কোরআন শেখার ভিডিও কোর্স, সালাত ও ফাস্টিং ট্র্যাকার, জাকাত ও সাদকাহ প্রদানের সুবিধা এবং ডিজিটাল তজবিহ সহ ইসলামিক কন্টেন্ট স্ট্রিমিং সেবা। নূর অ্যাপে সাবস্ক্রিপশনের বিভিন্ন প্যাকেজ আছে, যেমন দৈনিক, সাপ্তাহিক, এবং মাসিক প্ল্যান। এই অ্যাপের মাধ্যমে ব্যবহারকারীরা নামাজের সময় ও নিকটস্থ মসজিদ খুঁজে পাওয়ার সুবিধাও উপভোগ করতে পারেন। প্রতিষ্ঠানটির লক্ষ্য হল নূরকে সবচেয়ে বেশি ব্যবহৃত, বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য ইসলামিক ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবে প্রতিষ্ঠিত করা। নূর মুসলিমদের প্রয়োজনীয়তা মেটাতে ইসলামী জ্ঞানের একটি বিশ্বস্ত উৎস হিসেবে কাজ করছে।

অর্থনৈতিক পরিসর

নূর বাংলাদেশে এবং দেশের বাইরেও কার্যক্রম পরিচালনা করছে এবং গুগল পে ও অ্যাপল পে-এর মাধ্যমে বিশ্বব্যাপী পরিচিতি অর্জনের লক্ষ্যে কাজ করছে। বর্তমানে, নূরের গড় মাসিক আয় প্রায় ১১ লাখ টাকা এবং বার্ষিক রেভিনিউ ১.৫ কোটি টাকার বেশি। নূর ৬ লাখ টাকা মূলধন নিয়ে প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। স্টার্টআপটি ৫ জন কর্মী নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে ১৩ জন কর্মী নিয়ে কাজ করছে, যার মোট সম্পদের মূল্য ৩ কোটি টাকারও বেশি। নূর এর বর্তমান ভ্যালুয়েশন প্রায় ২৫ কোটি টাকারও বেশি। উল্লেখ্য যে, ২০২৩ সালে আইডিয়া প্রকল্প থেকে নূরকে ১০ লক্ষ টাকা অনুদানের জন্য মনোনীত করা হয় যা স্টার্টআপটিকে তার কার্যক্রমের অগ্রগতিতে সহযোগিতা করেছে।



ব্যাপ্তি

নূর বাংলাদেশে নিবন্ধিত একটি স্টার্টআপ, যা ইসলামী সেবা প্রদানে অগ্রণী ভূমিকা পালন করছে। বর্তমানে, নূর অ্যাপের মোট ইনস্টলেশন ২.৫ মিলিয়ন এবং ব্যবহারকারীর সংখ্যা ৬ মিলিয়ন। নূর অ্যাপের জনপ্রিয়তা দেশজুড়ে বেড়েই চলেছে এবং বিদেশের ক্ষেত্রে মালয়েশিয়ায় সেলকম ও কাতারে ভোডাফোন ব্যবহারকারীরাও তাদের ওয়ালেটের মাধ্যমে এই অ্যাপ ব্যবহার করতে পারেন। সর্বোপরি, ইসলামী সেবার ক্ষেত্রে নূর অ্যাপ সকলের আস্থা অর্জন করেছে। নূর বিশ্বব্যাপী এক নাম্বার ইসলামিক অ্যাপ হিসেবে সেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।

অর্জন

নূর ইসলামিক অ্যাপ ২০১৯ সালে সর্বপ্রথম বেস্ট অ্যাপ মার্কেটিং গোল্ড ক্যাটেগরিতে ‘ডিজিটাল মার্কেটিং অ্যাওয়ার্ড’ পায়। এছাড়া, ২০২২ সালে কমিউনিটি সার্ভিস ক্যাটেগরিতে বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ড এ উইনার হিসেবে সম্মাননা অর্জন করে।

টার্গেট গ্রুপ

ইসলাম ধর্মাবলম্বীগণ

অপারেশন এরিয়া

ঢাকা, বাংলাদেশ।

জনবল

১৩ জন।



Noor Islamic App

Company	: Gakk Media Bd Limited
Founder	: Sabirul Haque
Since	: 2018
Industry	: IT
Website	: www.noorsawab.com

'Noor' is the largest Islamic app in Bangladesh, approved by the Islamic Foundation. This app serves as a platform covering various aspects of Islam, providing content such as the Quran, Hadith, prayer schedules, Qibla compass, Sehri and Iftar timings, as well as Islamic videos. Additionally, it offers Quran learning video courses, a Salat and fasting tracker, facilities for Zakat and Sadaqah donations, and digital Tasbeeh along with Islamic content streaming services. The Noor app features various subscription packages, including daily, weekly, and monthly plans. Through this app, users can also enjoy the convenience of finding prayer times and nearby mosques. The organization's goal is to establish Noor as the most widely used, trusted, and reliable Islamic digital platform. Noor serves as a trusted source of Islamic knowledge, specifically addressing the needs of Muslims.

Financial Status Noor operates in Bangladesh and abroad, working towards gaining global recognition through Google Pay and Apple Pay. Currently, Noor's average monthly income is around BDT 1.1 million, with annual revenue exceeding BDT 15 million. The startup initially started with a capital of BDT 600,000. While it began its journey with 5 employees, it now operates with 13 employees, with total assets valued at over BDT 30 million. Noor's current valuation is over BDT 250 million. In addition, Noor was nominated for a grant of BDT 1 million from the iDEA Project in 2023, which helped the startup advance its operations.



Expansion Noor is a registered startup in Bangladesh that plays a pioneering role in providing Islamic services. Currently, the Noor app has a total of 2.5 million installations and 6 million users. The popularity of the Noor app continues to grow across the country, and internationally, users of Celcom in Malaysia and Vodafone in Qatar can also use this app through their wallets. Above all, the Noor app has gained everyone's trust in the field of Islamic services. Noor is committed to providing services as the number one Islamic app worldwide.

Achievement The Noor Islamic app won the "Digital Marketing Award" in the Best App Marketing Gold category in 2019. Additionally, it received recognition as a winner in the Community Service category at the BASIS National ICT Award in 2022.

Target Group Muslims

Operation Area Dhaka, Bangladesh.

Human Resources 13 Employees